তারিখ ... 07 JUN 2016 ...
পৃষ্ঠা ...১৩ কলাম ...2...

দৈনিক
ইত্তেফাক

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে আবেদন ২৮ জুলাইয়ের মধ্যে

■ ইত্তেফাক রিপোর্ট

নতুন নিয়মে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী শিক্ষক নিবন্ধন ও প্রত্যায়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) মাধ্যমে মেধার ভিত্তিতে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছে। নিয়োগ পেতে ইতোমধ্যে এনটিআরসিএ'র পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের আগামী ২৮ জুলাইয়ের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আগে এনটিআরসিএ'র পরীক্ষায় উত্তীর্ণদের স্কুল, কলেজ ও মাদ্রাসার ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি নিয়োগ দিত।